# পঞ্চম উপজেলা পরিষদের ৩০ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,কানাইঘাট,সিলেট।

তারিখ : ১১ নভেম্বর ২০২১

সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মূখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা করা যায় নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, আলোচ্যমাসে কোভিড আক্রান্ত কোন রোগীর সন্ধান পাওয়া যায়নি বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৬ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | সরকার প্রকৌশল অধিদপ্তর | অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এ.ডি.পি) এর খাতওয়ারি বিভাজন পূর্বক বর্ণিত বিভাজনের আলোকে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষন করেন। | (এডিপি) প্রকল্প তালিকা কাজ জরুরী ভিত্তিতে দাখিল করতে হবে। | পরিষদ/উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ১০ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ১৫,৩৬৮ হেক্টর জমিতে আমন ধানের চাষাবাদ হয়েছে এবং আমন ধান কর্তন শুরু হয়েছে। তাছাড়া রবি মৌসুম শুরু হয়েছে অত্র উপজেলার প্রকৃত কৃষকগণদের মধ্যে ভালো উন্নতমানের সরিষা, শস্য ও সূর্যমুখী বীজ বিতরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কানাইঘাট সদর ইউনিয়নের জন্তিপুর গ্রাম/বড়চতুল ইউনিয়নের হারাতৈল বেতু গ্রাম/দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের কায়স্থগ্রামে প্রাণীর গবাদিপশুর সংক্রামক রোগ প্রতিরোধে ভ্যাকসিন ক্যাম্প পরিচালনা করা হয়। তাছাড়া সমতল ভুমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন মানোন্নয়নের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর এর প্রকল্পের আওতায় ১৩(তের)টি সুফলভোগী পরিবারকে ভেড়া বিতরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্ধকৃত টিআর, কাবিখা, কাবিটা ও অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচীর আওতায় গৃহীত প্রকল্প অনুমোদন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্ধকৃত টিআর, কাবিখা, কাবিটা ও অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচীর আওতায় গৃহীত প্রকল্প অনুমোদন করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট। |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | থাকতে হবে। | -- |
| ১৮ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আনসার ভিডিপি বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান যে, পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি – ২ কানাইঘাট,সিলেট |
| ২০ | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা প্রকল্পের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | -- |
| ২১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা আলোচ্যমাসে প্রাথমিক সমবায় সমিতি সমূহের ০৯(নয়) টি সমিতির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, আলোচ্যমাসে ০৪ টি ব্যাচে ১২০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। নভেম্বর ২০২১ মাসে আরো ০২ টি প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তাছাড়া চলতি অর্থ বৎসরে লক্ষ্যমাত্রা অনুযায়ী এ পর্যন্ত ৯,৫০,০০০/-(নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চেক বিতরণ করা হয়। ঋণ আদায়ের হার ৯১.২০%। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ভৌত বরাদ্দের দরপত্র প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে কাজ দ্রুত কাজ শুরু করা যাবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট |
| ২৪ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি বৎসরে আমন ধান লক্ষ্যমাত্রা অনুযায়ী ৭১২ মে: টন ধান সংগ্রহ করা হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১২২৯.৫০ লক্ষ টাকা চলতি অর্থ বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১২২৯.৫০ লক্ষ | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে ৪৪.০৭ টাকা ঋণ আদায় হয়েছে। আদায়ের হার ৩৩%। | | |
| ২৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |
| ২৭ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক)অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | জঙ্গীবাদ বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয় সভায় জানান যে, জঙ্গীবাদ বিষয়ে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে। | জঙ্গীবাদ বিষয়ে জনগণকে সচেতন করতে হবে। ইউ/পি | সকল বিভাগীয় কর্মকর্তা সকল ইউ/পি চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য ইউ/পি চেয়ারম্যান ও ইউ/পি সদস্যগণের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | সহযোগিতা প্রদান করতে হবে। | |
| ২৯ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৮ টি এবং ১৭৫ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩০ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।<br>আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) কেউ যদি মাস্ক না পরে তাহলে তাকে আইনের আওতায় নিয়ে আসতে হবে।<br>(ঘ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(ঙ) স্বাস্থ্যবিধির নিয়ম মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩১ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২১ প্রদানের জন্য ১০ টি শ্রেণীতে বন অধিদপ্তর থেকে দরখাস্ত আহবান করা হয়েছে। বিষয়টি বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান, প্রায়ই বিভিন্ন ব্যক্তি ও সরকারী/বেসরকারী সংস্থার নিকট থেকে গাছ কর্তন ও অপসারণের জন্য আবেদন পাওয়া যায়। কিন্তু বিট কর্মকর্তার কার্যালয় থেকে | (ক) বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২১ এর আবেদন সংগ্রহে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ব্যক্তি মালিকানাধীন ও সংস্থার গাছ কর্তন ও অপসারণে "বনজ দ্রব্য পরিবহন ও (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ অনুসরণ করতে হবে।<br>(গ) প্রতিবন্ধকতা ও সমস্যা | উপজেলা বিট কর্মকর্তা/ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও জনপ্রতিনিধিগণ কানাইঘাট ,সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় না। ব্যক্তি/ সংস্থার গাছ কর্তন ও অপসারনে "বনজ দ্রব্য পরিবহন ও (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসরণ পূর্বক আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।<br>অত্র উপজেলার বিভিন্ন সরকারী রাস্তার পার্শ্বে রাস্তা সংলগ্ন বসতবাড়ীর উপরে হেলে পড়া বসতবাড়ীর প্রবেশদ্বারে, দোকানপাটের সম্মুখে, বৈদ্যুতিক খুটি ও ট্রান্সমিটার সংলগ্ন এবং জনগণ ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী সরকারী গাছ কর্তনে ও অপসারনের জন্য আবেদনপত্র পাওয়া যায় এবং সমস্যা ও মারাত্নক প্রতিবন্ধকতা সৃষ্টিকারী গাছের ক্ষেত্রে গুরুত্ব বিবেচনায় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বিষয়টি আলেচনার জন্য সভায় প্রস্তাব করেন। | বিভাগ/সরকারী গাছ কর্তন ও অপসারনের বিষয়ে স্থানীয় বন বিভাগ সুষ্ঠু তদন্তপূর্বক শুধুমাত্র অধিক গুরুত্ব বিবেচনায় ও জনস্বার্থে বিধি মোতাবেক গ্রহণ করতে হবে। | |
| ৩২ | এলইডি ডিসপ্লে স্থাপন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মুজিবর্ষ উপলক্ষ্যে সরকারি-বেসরকারি সংস্থা কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ,সরকারের বিভিন্ন ডিজিটাল সেবা,সেবা সহজিকরণ বিষয়ক তথ্যাবলি ,ডিজিটাল বাংলাদেশ,মহান মুক্তিযুদ্ধ, মেগা প্রকল্পসহ অন্যান্য প্রকল্প সমূহ মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ,দেশে বিদেশে সরকারের অর্জনসমূহ, জাতীয় আন্তর্জাতিক বিভিন্ন অনুষ্ঠান ও খেলাধুলা, সচেতনতামূলক কনটেন্ট ইত্যাদি প্রান্তিক জনগোষ্ঠীর নিকট পৌছানোর লক্ষ্যে ব্যাপক প্রচার কাযক্রম সম্পাদনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক "সারাদেশে ৪৯২ টি উপজেলায় এলইডি (LED)ডিসপ্লে স্থাপন" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রতিটি উপজেলায় উপজেলা পরিষদ সংলগ্ন উপযুক্ত স্থানে(উন্মক্ত মাঠের পাশে বা খোলা জায়গায় অথবা বাজারের পাশে যেখানে জনসমাগম হতে পারে এমন স্থান) এলইডি ডিসপ্লে স্থাপনের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের সম্মতি প্রয়োজন। ফলে উপজেলায় ১৬ ফুট প্রস্থের এবং ৮.৫ ফুট উচ্চতার একটি এলইডি ডিসপ্লে বোর্ড স্থাপনের সম্মতিপত্র এবং একটি সম্ভাব্য স্থান নিবাচনের বিষয়টি উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সম্মুখে ইতোমধ্যে স্থাপিত বঙ্গবন্ধু মুরাল সংলগ্ন স্থানের পশ্চিম পার্শ্বে (পূবদিক অভিমুখে) ১৬ ফুট প্রস্থের এবং ৮.৫ ফুট উচ্চতার একটি এলইডি ডিসপ্লে বোর্ড স্থাপনের নিমিত্ত স্থান নিবাচনপূবক সম্মতিপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কানাইঘাট,সিলেট |
| ৩৩ | স্থাপর সম্পত্তি হস্তান্তর | আলোচনাকালে চেয়ারম্যান ,২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি জানান যে. লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন কাজ | স্থাপর সম্পত্তি হস্তান্তর কর ১% তহবিল হতে সকল ইউনিয়ন পরিষদের অনুকূলে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্থাপর সম্পত্তি হস্তান্তর কর ১% বাবদ অর্থ ছাড়করণের প্রস্তাব করেন। | করে অর্থ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কানাইঘাট, সিলেট |
| ৩৪ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়;(খ) আপ্যায়ন ব্যয়;(গ) আনুষাঙ্গিক ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০।১১।২০২১

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

২৪ কার্তিক ১৪২৮
১১ নভেম্বর ২০২১

স্মারক নম্বর : ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৫১(৩৬)

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ----------------------------- ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব---------------------------------- কানাইঘাট, সিলেট

১০।১১।২০২১

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব খাদিজা বেগম | ভাইসচেয়ারম্যান(মহিলা)উপজেলাপরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ ফয়াজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব জেমস লিও ফারগুশন নানকা | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আলী হোসেন কাজল | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আব্দুল মন্নান | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মাওলানা আবুল হোসাইন | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মামুন রশিদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মাসুদ আহমদ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব ডাঃ আশীষ কুমার শীল | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডাঃ মো ঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো ঃ আব্দুল আওয়াল | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ আব্দুর রউফ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ পনিরুজ্জামান | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ ইমরান আলী | উপজেলা ইউডিএফ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব শান্ত দিবাকর মানী | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০২ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৫ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | |